অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/9/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের পশুপাখির খামারগুলোতে পানির মান রক্ষাকারী প্রকল্পের সমর্থনে প্রায় 9 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার ঘোষণা দেন

কনসেন্ট্রেটেড এনিমেল ফিডিং অপারেশন (Concentrated Animal Feeding Operation, CAFO) ওয়াস্ট স্টোরেজ এন্ড ট্রান্সফার সিস্টেম প্রোগ্রামের (Waste Storage and Transfer System Program) জন্য অর্থায়ন স্টেটের জলপথগুলোকে সুরক্ষা দানকারী প্রকল্পগুলোর খরচ পুষিয়ে নিতে খামারগুলোকে সাহায্য করবে

এই পুরস্কার গভর্নরের ঐতিহাসিক ক্লিন ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার অ্যাক্টকে (Clean Water Infrastructure Act) সমর্থন করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে সমগ্র স্টেটে 24 টি খামারে পানির মান রক্ষাকারী প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রায় 9 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। এই অর্থায়ন কনসেন্ট্রেটেড এনিমেল ফিডিং অপারেশন ওয়াস্ট স্টোরেজ এন্ড ট্রান্সফার সিস্টেম প্রোগ্রামের তৃতীয় রাউন্ডের মাধ্যমে করা হয়। অর্থায়নকৃত প্রকল্পগুলো পশুপাখির খামারগুলোকে ভূগর্ভস্থ পানি ও নিকটবর্তী জলপথগুলোকে রক্ষার জন্য জৈব সারের মতো পুষ্টি উপাদানগুলো আরো ভালোভাবে ব্যবস্থাপনা ও সংরক্ষণ করার সুযোগ করে দেবে। এই প্রোগ্রামটি গভর্নরের 2.5 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের 2017 সালের ক্লিন ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার অ্যাক্টের অংশ, যেটি স্টেটব্যাপী খাবার পানি, বর্জ্য-পানি শোধন কাঠামো এবং অন্যান্য পানির মান রক্ষাকারী কর্মকাণ্ডের জন্য অর্থসংস্থান বিনিয়োগ করে।

"নিউ ইয়র্কের খামারগুলো স্টেটজুড়ে আঞ্চলিক অর্থনীতির অবিচ্ছেদ্য অংশ এবং পরিবেশ সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে", **গভর্নর কুওমো বলেন।** "এই অর্থগুলি স্টেটজুড়ে খামারগুলোকে ভূমির পরিচর্যার জন্য এবং আমাদের জলপথগুলোর সুরক্ষার জন্য নতুন ও উন্নত কৌশলগুলি বাস্তবায়নের খরচ পুষিয়ে নিতে সাহায্য করবে।"

"সব নিউ ইয়র্কবাসীর জন্য আমাদের জলপথ দূষণমুক্ত ও নিরাপদ করার কাজটি সুনিশ্চিত করা অত্যন্ত জরুরি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "স্টেট জুড়ে খামার সংশ্লিষ্ট প্রকল্পগুলিতে এই বিনিয়োগ পানির গুণগত মান বৃদ্ধি এবং সুরক্ষার জন্য সংরক্ষণের প্রয়াসকে সহায়তা করবে। আমরা এ বিষয়টি নিশ্চিত করতে চাই যে, দূষণ প্রতিরোধ করার জন্য এবং অধিবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য দরকারি অর্থসংস্থান যেন কৃষকদের কাছে থাকে।"

স্টেটজুড়ে 19 টি কাউন্টির CAFO-অনুমোদিত খামারগুলোতে চব্বিশটি বর্জ্য সংরক্ষণাগার এবং স্থানান্তর ব্যবস্থা স্থাপন করা হবে, যেখানে নির্মাণ, সাইটের প্রস্তুতি এবং উত্তম ব্যবস্থাপনা পদ্ধতির খরচ পুষিয়ে নেওয়ার সহায়ক অনুদান থাকবে। অর্থায়নের ৪.9 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয় কাউন্টির মাটি ও পানি সংরক্ষণ ডিস্ট্রিক্টগুলোতে (County Soil and Water Conservation Districts) যেগুলো স্টেটব্যাপী যোগ্য কৃষকদের পক্ষে প্রয়োগ করা হয়েছে।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "এই অর্থগুলি পুষ্টি ব্যবস্থাপনা ও পানি রক্ষার ক্ষেত্রে একটি দারুণ পদ্ধতিতে সহায়তা করে। আমরা কৃতজ্ঞ যে আমাদের কৃষকগণ আমাদের প্রাকৃতিক সম্পদগুলো রক্ষা করছেন এবং এগুলোর পরিচর্যা করছেন এবং গভর্নর আমাদের জলপথগুলোর উন্নয়নকারী এই পকল্পগুলোতে কৃষকদের সাহায্যার্থে অর্থ প্রদান করেন।"

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার বেসিল সেগোস বলেন, "আজ ঘোষিত এই পুরস্কার আমাদের জলপথগুলো রক্ষাকারী এবং আমাদের খামারগুলোর স্থিতিশীলতা নিশ্চিতকারী সংরক্ষণ প্রকল্পগুলো বাস্তবায়নে নিউ ইয়র্কের কৃষকদের সাহায্য করবে। নিউ ইয়র্কের মূলধারার জনগোষ্ঠীর জন্য খামার শিল্প গুরুত্বপূর্ণ এবং এই পানির মান রক্ষাকারী প্রকল্পগুলো কৃষকদেরকে জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষার পাশাপাশি দায়িত্বশীলতার সাথে কাজ পরিচালনায় প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করে।"

এই অনুদানগুলি চাষীদের এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের (DEC) এর শর্তাবলি পূরণে সাহায্য করবে এবং আপস্টেটের জলাশয়গুলোতে ঘন ঘন ক্ষতিকর শৈবাল (Harmful algal blooms, HABs) জন্মানো হ্রাস করতে স্টেটের প্রচেষ্টাকে সমর্থন করবে। এই প্রোগ্রামের যাত্রার শুরু থেকে, জৈব সার সংরক্ষণাগার নির্মাণ, সাইটের প্রস্তুতি এবং সংশ্লিষ্ট উত্তম ব্যবস্থাপনা পদ্ধতিতে সাহায্যার্থে ৪9 টি খামারে প্রায় 32 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটে 500টির বেশি CAFO খামার রয়েছে, এর বেশিরভাগই 300 বা তার বেশি গরুসহ ডেইরি। গরু, মুরগি এবং অশ্ব খামারের মতো পশুপাখির কার্যক্রমগুলিও CAFO এর অন্তর্ভুক্ত হতে পারে।

নিউ ইয়র্ক মৃত্তিকা এবং পানি সংরক্ষণ কমিটির (New York State Soil and Water Conservation Committee) সভাপতি ডেল স্টাইন বলেছেন। "নিউ ইয়র্ক স্টেট বর্জ্য সংরক্ষণাগার এবং সংশ্লিষ্ট জৈব সার স্থানান্তর ব্যবস্থা স্থাপনের জন্য 24 টি খামারে ৪.9 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। মাটি ও পানি সংরক্ষণ ডিস্ট্রিক্টগুলোর মাধ্যমে প্রদত্ত এই অর্থ খামারগুলোকে CAFO এর বিধি-নিষেধ পূরণে সাহায্য করবে এবং নিউ ইয়র্কের খামারগুলো যে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের গুরুত্বপূর্ণ পানি সম্পদ রক্ষা করছে তার আরেকটি দৃষ্টান্ত।"

সেনেটের কৃষি কমিটির (Senate Agriculture Committee) সভাপতি জেন মেটজগার বলেন, "পরিষ্কার পানি ও স্বাস্থ্যকর মাটি একটি উন্নতিশীল কৃষি খাতের জন্য অপরিহার্য এবং কৃষকদের কার্যক্রম শুধু প্রাকৃতিক সম্পদগুলোকে রক্ষা নয়, ভূমির পুষ্টিগুণও পুনরুদ্ধার করে তা নিশ্চিত করায় আমরা কৃষকদেরকে সাধুবাদ জানাই। স্টেটের ক্লিন ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার অ্যাক্ট এর মাধ্যমে

কনসেন্ট্রেটেড এনিমেল ফিডিং অপারেশন (CAFO) ওয়াস্ট স্টোরেজ এন্ড ট্রান্সফার সিস্টেম প্রোগ্রামের জন্য প্রদত্ত অর্থ নিউ ইয়র্কের পশুপাখির কৃষকদেরকে আমাদের পানি সম্পদের উন্নয়ন করবে ও সুরক্ষা দেবে এমন নিরাপত্তা ব্যবস্থা বিনির্মাণ ও রক্ষায় সাহায্য করার জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ।"

বিধানসভা কৃষি কমিটির (Assembly Agriculture Committee) সভাপতি ডোনা লুপারডো বলেন, "এই অনুদানগুলো আমাদের জলপথগুলোকে রক্ষায় সাহায্য করবে এমন উত্তম পদ্ধতিগুলো বাস্তবায়নে খামারগুলোকে প্রেষণা দেবে। আপস্টেটের হ্রস, পুকুর ও নদীতে ক্ষতিকর শৈবাল জন্ম সংক্রান্ত যে উদ্বেগ তা বিবেচনায়, এই বিনিয়োগগুলি আমাদের সবচেয়ে মূল্যবান প্রাকৃতিক সম্পদগুলো রক্ষার প্রচেষ্টায় বেশ গুরুত্বপূর্ণ।"

2017 সালের পরিচ্ছন্ন পানি পরিকাঠামো আইন নিউ ইয়র্ক স্টেটের অতি গুরুত্বপূর্ণ পানি পরিকাঠামোতে রেকর্ড 2.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। গভর্নর কুওমো গত পাঁচ বছর ধরে ক্লিন ওয়াটার প্রকল্পগুলোর সাহায্যার্থে অর্থায়ন দ্বিগুণ করে অতিরিক্ত 2.5 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি দেন। খাবার পানির পরিকাঠামো, বর্জ্য পানির পরিকাঠামো, এবং পানির উৎস রক্ষায় এই ঐতিহাসিক বিনিয়োগ কমিউনিটির স্বাস্থ্য ও ভালো থাকা উন্নত করবে, স্টেটের সর্বাধিক গুরুত্বপূর্ণ পানির সংস্থানকে নিরাপদ রাখবে এবং কর্মসংস্থান সৃষ্টি করবে। প্রকল্পের তহবিল রিজিওনাল ও জলবিভাজিকা পর্যায়ের সমাধানকে অগ্রাধিকার দিবে এবং একীভবন পানি ও পানিপথের সেবা ভাগাভাগি করার জন্য ইনসেনটিভ প্রদান করবে।

2018 সালে, গভর্নর কুওমো DECকে নির্দেশ দেন নিউ ইয়র্কে ক্ষতিকর শৈবালের বিকাশ (HABs) আগ্রাসীভাবে মোকাবেলা করার জন্য তার 65 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের চার ডিভা উদ্যোগকে বাস্তবায়ন করতে। HAB লেকের বিনোদনমূলক ব্যবহার, যা আপস্টেট পর্যটনের জন্য গুরুত্বপূর্ণ, হুমকির মুখে ফেলে এবং একই সাথে খাবার পানির উৎসকেও। DEC শৈবাল বৃদ্ধির সম্ভাব্য 12 টি জলাশয়কে অগ্রাধিকার জলাশয় হিসেবে চিহ্নিত করে, যেগুলি খাবার পানির জরুরি উৎস এবং অতি গুরুত্বপূর্ণ পর্যটনের চালিকাশক্তি। চারটি রিজিওনাল সামিট এবং জাতীয়, স্টেটের ও স্থানীয় বিশেষজ্ঞ ও এদের এজেন্সি অংশীদারদের মতামত গ্রহণের পর, DEC এইসব জলাশয়ের ইকোলোজির জন্য সুনির্দিষ্ট পদক্ষেপের পরিকল্পনা করেছে। এই পরিকল্পনাগুলির বাস্তবায়ন থেকে প্রাপ্ত শিক্ষা DEC কে পুরো স্টেটের আক্রান্ত জলাশয়গুলিকে সাহায্য করার জন্য সমাধান সনাক্ত করতে সাহায্য করছে। এই জৈব সার সংরক্ষণ ও স্থানান্তর ব্যবস্থাগুলো কৃষকদেরকে সম্ভাব্য জলাশয়গুলোতে HABs ঘটাতে পারে এমন পুষ্টি উপাদানগুলোকে আরও ভালোভাবে ব্যবস্থাপনা ও সংরক্ষণ করার সুযোগ দেয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন